

নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৪৩৫/২৬

০১ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ
তারিখ:-----
১৬ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ

সকল উপব্যবস্থাপনা পরিচালক / সকল মহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক ও সকল উপমহাব্যবস্থাপক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল সচিবালয়/ ডিভিশন/ বিভাগীয় কার্যালয়/ লোকাল অফিস/
জনতা ভবন কর্পোরেট শাখা/ সকল স্টাফ কলেজ/ প্রধান কার্যালয়ের সকল ডিপার্টমেন্ট/
সকল এরিয়া অফিস/ সকল শাখা/ উপশাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানি।

বিষয়: ‘জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কিম’ হিসাবের সুদ হার ও মাসিক মুনাফার পরিমাণ পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-১২৪৫/২৪ তারিখঃ ০১-০১-২০২৪ এর মাধ্যমে তিন (০৩) বছর মেয়াদে প্রতি এক লাখ টাকার জন্য বার্ষিক ৮% সরল সুদ হারে প্রাপ্য মাসিক মুনাফা ৬৬৭/- (ছয়শত সাতষট্টি) টাকা এবং পাঁচ (০৫) বছর মেয়াদে প্রতি এক লাখ টাকার জন্য বার্ষিক ৮.২৫% সরল সুদ হারে প্রাপ্য মাসিক মুনাফা ৬৮৮/- (ছয়শত আটশি) টাকার “জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কিম” চালু করা হয়। পরবর্তীতে নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-১৩০৮/২৪ তারিখঃ ৩০/১২/২০২৪ এর মাধ্যমে সুদের হার ও মাসিক প্রাপ্য মুনাফার পরিমাণ বৃদ্ধি করে প্রতি ০১ (এক) লক্ষ টাকার বিপরীতে ০৩ (তিন) বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক ৯.৭৫% সরল সুদ হারে ৮১৩/- (আটশত তেরো) টাকা এবং ০৫ (পাঁচ) বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক ১০% সরল সুদ হারে ৮৩৩/- (আটশত তেত্রিশ) টাকা নির্ধারণ করা হয়।

বর্তমানে ব্যাংকের তারল্য পরিস্থিতি উন্নত হওয়ায় উচ্চ সুদ/মুনাফায় নতুন আমানত সংগ্রহের উপর নির্ভরশীলতা হ্রাস করার সিদ্ধান্তের প্রেক্ষিতে ২৯/০৯/২০২৬ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৯০৩তম সভায় “জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কিম” এর সুদ হার ও মাসিক মুনাফার পরিমাণ নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হয়:

স্কিমের নাম	০৩ বছর মেয়াদী (প্রতি লক্ষ টাকার জন্য)				০৫ বছর মেয়াদী (প্রতি লক্ষ টাকার জন্য)				পরিবর্তিত সুদের হার ও মাসিক মুনাফা কার্যকরের তারিখ
	বর্তমান সুদের হার ও মাসিক মুনাফা		পরিবর্তিত সুদের হার ও মাসিক মুনাফা		বর্তমান সুদের হার ও মাসিক মুনাফা		পরিবর্তিত সুদের হার ও মাসিক মুনাফা		
	সুদের হার	মাসিক মুনাফা	সুদের হার	মাসিক মুনাফা	সুদের হার	মাসিক মুনাফা	সুদের হার	মাসিক মুনাফা	
জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কিম	৯.৭৫% (সরল সুদে)	৮১৩/- টাকা	৯.২৫% (সরল সুদে)	৭৭১/- টাকা	১০% (সরল সুদে)	৮৩৩/- টাকা	৯.৫০% (সরল সুদে)	৭৯২/- টাকা	০১ অক্টোবর, ২০২৬

বিশেষ নির্দেশনা:

ক) ইতোপূর্বে খোলা হিসাবসমূহের সুদের হার ও প্রতি লক্ষ টাকার জন্য প্রদেয় মাসিক মুনাফা অপরিবর্তিত থাকবে।

খ) উল্লেখ্য নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-১২৪৫/২৪ তারিখঃ ০১/০১/২০২৪, নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর- ১৩০৮/২৪ তারিখঃ ৩০/১২/২০২৪ এবং নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর- ১৩৩৩/২৫ তারিখঃ ২৯/০৫/২০২৫ এ বর্ণিত সুদের হার ও প্রতি লক্ষ টাকার জন্য মাসিক মুনাফা ব্যতীত অন্যান্য শর্তাদি অপরিবর্তিত থাকবে।

এমতাবস্থায়, ০১ অক্টোবর, ২০২৬ তারিখ হতে জনতা ব্যাংক পিএলসি. ‘র “জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কিম”-এ প্রতি ০১ (এক) লক্ষ টাকার বিপরীতে ০৩ (তিন) বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক ৯.২৫% সরল সুদ হারে মাসিক প্রদেয় ৭৭১/- (সাতশত একাত্তর) টাকা এবং ০৫ (পাঁচ) বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক ৯.৫০% সরল সুদ হারে মাসিক প্রদেয় ৭৯২/- (সাতশত বিরানব্বই) টাকা কার্যকর হবে। পরিবর্তিত হারে নতুন আমানত সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে প্রচার-প্রচারণা ও নতুন হিসাব খোলার মাধ্যমে আমানত বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকল পর্যায়ের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে পরামর্শ প্রদান করা হলো।

মোহাম্মদ রিয়াজ হোসেন ফেরদৌস
উপমহাব্যবস্থাপক

মোহাম্মদ সাফায়েত হোসেন
মহাব্যবস্থাপক